বর্ষ চলে গেল রেখে গেল কিছু প্রশ্ন

[বাংলা]

ولنا في مرور الأعوام عبرة

[اللغة البنغالية]

আলী হাসান তৈয়ব

علي حسن طيب

সম্পাদনা : সানাউল্লাহ নজির আহমদ

مراجعة: ثناء الله نذير أحمد

ইসলাম প্রচার ব্যুরো, রাবওয়াহ, রিয়াদ

المكتب التعاوني للدعوة وتوعية الجاليات بالربوة بمدينة الرياض

2008 –1429

islamhouse.com

বর্ষ চলে গেল রেখে গেল কিছু প্রশ্ন

আমাদের জীবন থেকে বিদায় নিচ্ছে আরো একটি বর্ষ। আমরা জানিনা আল্লাহর কাছে গেলে এর প্রতিটি দিবসের কাজগুলো সম্পর্কে কী জবাব দিব ? হিসাবের পাতাগুলো বেঁধে ফেলা হয়েছে। বন্ধ করা হয়েছে ডায়েরি- যা আর খোলা হবে না মহা বিচারের আগে। আল্লাহর দয়া ও ক্ষমা ভিক্ষা চাই। চোখে নিরব অশ্রুবিন্দু। হৃদয় জুড়ে পরিতাপ হাহাকার। বিবেকের কাছে বারবার কড়া নাড়ছে কত জিজ্ঞাসা।

- বছরের বিদায় আমাদের জীবনকে দীর্ঘ করে নাকি সংক্ষিপ্ত ?
- বিদায়ী বছরটি আমাকে আল্লাহর অধিক কাছে নিল নাকি দূরে ?
- আমি কোন কোন পদক্ষেপ গ্রহণ করেছি যা আমার রবকে খুশি করবে ?
- কুরআন খতম করেছি কয়বার ?
- আমি কি এ বছর বেতের ও সুন্নত ঠিক মত আদায় করেছি ?
- আমি সারা বছর আমার অঙ্গগুলোকে শরিয়তের গণ্ডির ভেতর রেখেছিলাম নাকি লাগাম ছাড়া করে দিয়েছিলাম যে, চোখ যা চায় দেখুক, কান যা চায় শুনুক, মুখ যা চায় বলুক এবং গুপ্তাঙ্গ যা ইচ্ছে করুক ?
- এ বছর আমার সম্পদের কতটুকু আল্লাহর পথে ব্যয় করেছি ?
- আমার হাতে কি কেউ হেদায়াত হয়েছে ?
- আমি এ বছর মুসলিম উম্মাহর জন্য আমি কি কিছু উপহার দিতে পেরেছি নাকি আমার চেষ্টা-প্রত্যাশার সবটুকুই ছিল শুধুই নিজের সংকীর্ণ গণ্ডিতে সীমাবদ্ধ ?
- আমি যদি এ বছর মারা যেতাম তাহলে আমার মৃত্যুর পর লোকেরা আমাকে নিয়ে যা বলত তা কি আমার জন্য আনন্দদায়ক নাকি দুঃখজনক ?
- আল্লাহ যদি আমার জীবনকে আগামী বছর পর্যন্ত দীর্ঘায়িত করেন তাহলে আমি তাতে কী করব ?
- আমার জীবনে কুরআনের অংশ থাকবে কতটুকু ?
- আমি শরিয়তের বিধি-নিষেধকেই আমার অঙ্গ-প্রতঙ্গগুলোর জন্য প্রধান বিচারক মানব তো ফলে শুধু তা-ই করব যাতে আল্লাহ রাজি খুশি হন নাকি রশি একেবারে ঢিল করে দেব যাচ্ছে তাই করার জন্য ?
- উম্মতের জন্য আমি কী উপহার দিব এ বছর ?
- মৃত্যুর পর লোকে আমাকে ভালো বলে স্মরণ করবে কি ?

সুতরাং মরণ দিবসের জন্য কাজ করো। কারণ, মানুষ হলো আল্লাহর জমিনে আল্লাহর সাক্ষী। হে মাবুদ, আমাদের বিগত জীবনের মন্দ কাজগুলো ক্ষমা করে দাও আর বাকি জীবনটাকে হেফাজত করো।

সমাপ্ত